

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি অনুবিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে Flood Reconstruction Emergency Assistance Project শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ২৩০ মিলিয়ন মার্কিন ডলার ঋণচুক্তি ও প্রকল্পচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও এডিবি'র পক্ষে Mr. Edimon Ginting কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ আবাসিক মিশন ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। এছাড়া, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পক্ষে জনাব মোঃ নূরুল ইসলাম সরকার, মহাপরিচালক ও এডিবি'র পক্ষে Mr. Edimon Ginting কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ আবাসিক মিশন প্রকল্পচুক্তিতে স্বাক্ষর করেন।

স্থানীয় সরকার বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয় এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রনালয় এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। এ প্রকল্পের মাধ্যমে ২০২২ সালে সংগঠিত আকস্মিক বন্যায় বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, ব্রাহ্মণবাড়িয়া, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও কুড়িগ্রাম জেলার ক্ষতিগ্রস্ত এলাকায় বন্যা পরবর্তী গ্রামীণ রাস্তা ও সংযোগ অবকাঠামো, নদীর বাঁধ ও সেচ অবকাঠামো, কৃষি রূপান্তর, পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা পুনর্বাসন ও পুনর্গঠন করা হবে। প্রকল্পের বাস্তবায়নকাল এপ্রিল ২০২৩ হতে মার্চ ২০২৬ পর্যন্ত।

প্রকল্পটির জন্য এডিবি Emergency Assistance Loan (EAL)-এর আওতায় ২৩০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের Ordinary Capital Resources (OCR)-Concessional ঋণ প্রদান করবে। OCR-COL ঋণের সুদের হার ১%। এতদ্যুক্তিত অন্য কোন চার্জ নেই। এ ঋণ ১০ বছরের প্রেস পিরিয়ডসহ ৪০ বছরে পরিশোধযোগ্য।

১৯৭৩ সাল হতে এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৮০৭৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা এবং ৫৪১ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে।

১৭।৪।২৩
মোঃ ওয়ালীউল হাসান
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার